ফাতওয়া নাম্বার: ৫৯৪ প্রকাশকালঃ১৫-১০-২০২৫ ইং

মেয়েদের কোচিং সেন্টার পরিচালনার বিধান

প্রশ্ন:

আমি একটি পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। যথাসম্ভব দ্বীন মেনে চলার চেষ্টা করি। বর্তমানে অর্থের প্রয়োজনে একটি কোচিং সেন্টার চালু করার পরিকল্পনা করেছি। তবে সহশিক্ষা হওয়ায় মনে শঙ্কা জাগছে। কেউ কেউ ছেলে ও মেয়েদের জন্য আলাদা শিফট করার পরামর্শ দিচ্ছেন। এমন অবস্থায় আমার জন্য শরঈ দৃষ্টিতে সঠিক সিদ্ধান্ত কী হবে?

সাব্বির আহমেদ

উত্তর:

আপনার জন্য মেয়েদের কোচিং পড়ানো জায়েয হবে না। আপনি শুধু ছেলেদের পড়াতে পারেন। তবে পড়ানোর বিষয় বস্তুর মধ্যে যদি শরীয়ত বিরোধী কিছু থাকে, সেটা তাদের সামনে পরিষ্কার করে দিতে হবে যে, এটা শরীয়ত বিরোধী। -আল ইস্তেকামা লিবনি তাইমিয়া: ১/৩৬১; ফাতাওয়ায়ে বাযযাযিয়া: ২/২৬

আরো জানতে দেখুন:

ফাতওয়া নং: ৪০৭; বর্তমানে প্রচলিত জেনারেল শিক্ষা ব্যবস্থায় শিক্ষা গ্রহণের বিধান

ফাতওয়া নং: ১৪১; সহশিক্ষার হুকুম কী?

والله تعالى أعلم بالصواب

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২২-০৪-১৪৪৭ হি.

১৫-১০-২০২৫